গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
**(রাজস্ব শাখা)**
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর-৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০০৫.২৫-৩১৪ তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ / ০৪ মে ২০২৫

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.১০৬ নম্বর স্মারকে "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ০৬ (ছয়) উপজেলার ১২ (বার) টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ০৪/০৫/২০২৫ তারিখ হতে ১৫/০৫/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন উল্লিখিত ই-মেইলে (**dcnarsingdi@mopa.gov.bd**) তে আবেদন দাখিলের জন্য বলা হলো। আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

| ক্র. নং | উপজেলার নাম | যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (সংখ্যায়) | | | | সেবার নাম |
|---|---|---|---|---|---|---|
| | | ভূমি অফিসের নাম | সংখ্যা | ইউনিয়নের নাম | সংখ্যা | |
| ০১ | নরসিংদী সদর | উপজেলা ভূমি অফিস নরসিংদী সদর, নরসিংদী | ০১ | শিলমান্দী ইউনিয়ন ভূমি অফিস নরসিংদী সদর, নরসিংদী | ০১ | এলএসএফসি |
| ০২ | রায়পুরা | উপজেলা ভূমি অফিস রায়পুরা, নরসিংদী | ০১ | রায়পুরা ইউনিয়ন ভূমি অফিস রায়পুরা, নরসিংদী | ০১ | |
| ০৩ | শিবপুর | উপজেলা ভূমি অফিস শিবপুর, নরসিংদী | ০১ | পুটিয়া ইউনিয়ন ভূমি অফিস শিবপুর, নরসিংদী | ০১ | |
| ০৪ | পলাশ | উপজেলা ভূমি অফিস পলাশ, নরসিংদী | ০১ | ডাংগা ইউনিয়ন ভূমি অফিস পলাশ, নরসিংদী | ০১ | |
| ০৫ | বেলাবো | উপজেলা ভূমি অফিস বেলাবো, নরসিংদী | ০১ | নারায়ণপুর ইউনিয়ন ভূমি অফিস বেলাবো, নরসিংদী | ০১ | |
| ০৬ | মনোহরদী | উপজেলা ভূমি অফিস মনোহরদী, নরসিংদী | ০১ | একদুয়ারিয়া ইউনিয়ন ভূমি অফিস মনোহরদী, নরসিংদী | ০১ | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;
২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;
৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;
৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;
৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;
৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;
৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;
৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;
৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০ সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

08.05.25


**মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী**
জেলা প্রশাসক
ফোন+৮৮০২৯৪২৫০০
ফ্যাক্স:+৮৮০২৯৪৬৪৪৩৩
ই-মেইল: dcnarsingdi@mopa.gov.bd


স্মারক নম্বর-৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০০৫.২৫-৩১৪

তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ / ০৪ মে ২০২৫

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা ;
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা;
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী;
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
০৬। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী (সকল) [ ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ ];
০৭। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী (সকল) [ ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ ];
০৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, নরসিংদী;
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী [ বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ];
১০। অফিস কপি।

08.05.25

জেলা প্রশাসক
নরসিংদী

তারিখ:

বরাবর

জেলা প্রশাসক
নরসিংদী

বিষয়ঃ ভূমিসেবায় এলএসএফসি পরিচালনার জন্য অনুমতিপত্র প্রাপ্তির আবেদন।

মহোদয়

আমি নিম্নস্বাক্ষরকারী.........................................ভূমিসেবা সহায়তাকারী হিসাবে এলএসএফসি পরিচালনার অনুমতিপত্র প্রাপ্তির জন্য ছক অনুসারে তথ্য প্রদান করে ও প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত করে আবেদন করছি।

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম ও যোগাযোগের ঠিকানা: | |
| | মোবাইল নম্বর: | ইমেইল (যদি থাকে): |
| | | |
| ২। | এনআইডি নম্বর: | টিআইএন:<br>ভ্যাট রেজি. নম্বর: |
| | কোন ব্যবসায়ী/পেশাজীবী সমিতির সদস্য হলে তার নাম: | |
| | | |
| ৩। | প্রস্তাবিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের/এলএসএফসি'র অবস্থান: | জেলা:<br>উপজেলা/থানা/সার্কেল:<br>ইউনিয়ন/পৌরসভা: |
| | কেন্দ্র উপযোগী স্থাপনা পরিচালনাধীন থাকলে তার বিবরণী: | |
| | | |
| ৪। | সেবা সহায়তা কেন্দ্রে লোকবল: | কম্পিউটার কর্মী: জন<br>কেন্দ্র ইনচার্জ: জন |
| | | |
| ৫। | কেন্দ্রে ব্যবহার্য ডিভাইস: | কম্পিউটার: টি প্রিন্টার: টি<br>ল্যাপটপ: টি স্ক্যানার: টি<br>ইন্টারনেট সংযোগের উৎস:<br>অভ্যন্তরীণ নিরাপত্তায় ব্যবহৃত যন্ত্রাদি:<br>বিদ্যুতের উৎস ও বিকল্প উৎস আছে কি না :<br>অন্যান্য যন্ত্রাদি (নামসহ উল্লেখ করুন): |
| | | |
| ৬। | নাগরিকের সুবিধাদি (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |

| | | |
|---|---|---|
| ৭। | নাগরিকের তথ্য ও রেকর্ড সুরক্ষার পরিকল্পনা (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |
| ৮। | জরুরি যোগাযোগে বিকল্প ব্যক্তির নাম, ইমেইল ও মোবাইল নম্বর: | |

উপরের সকল তথ্য সঠিক। এ সব তথ্য বিবেচনা করে অনুমতিপত্রধারী হিসাবে নিয়োগ প্রাপ্ত হলে নির্দেশিকার সকল শর্ত মেনে চলবো এবং দেশে বলবৎ আইন ও সরকারের আইনগত আদেশ প্রতিপালন করবো।

নামসহ স্বাক্ষর
ঠিকানা (মোবাইল নম্বরসহ)
তারিখঃ

<u>সংযুক্তি</u>:

ক) ট্রেড লাইসেন্স
খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদ (যদি থাকে)
গ) আবেদনকারীর ২ (দুই) কপি ছবি
(ঘ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা